

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
দিনাজপুর।

আদেশ নং-১০২

তারিখঃ- ২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বিচার শাখা)-এর ১৭/১১/২০২২ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি নং-২৬/২০২২ জে মোতাবেক দ্রুততম সময়ে, সহজে ও স্বল্প খরচে বিচার সেবা প্রদানের লক্ষ্যে বিচার সংক্রান্ত অবাধ তথ্য প্রবাহ ও বিচার-প্রক্রিয়ায় সহজ অভিজ্ঞতা নিশ্চিতকরণসহ টেকসই বিচার প্রতিষ্ঠার অভিপ্রায়ে ইতোপূর্বে প্রস্তুতকৃত ওয়েবসাইট তথা-<http://decision.bdcourts.gov.bd>-তে অধস্তন আদালতের রায় ও আদেশের অনুলিপি অনলাইনে প্রকাশ করার নির্দেশনা থাকলেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দিনাজপুর জেলার জজশীপ ও ম্যাজিস্ট্রেসীর বিচারকগণ উল্লিখিত ওয়েবসাইটে রায় ও আদেশ নিয়মিত আপলোড করছেন না, যা হাইকোর্ট বিভাগের উক্ত নির্দেশনার পরিপন্থি।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের নির্দেশনার আলোকে দিনাজপুর জজশীপ ও ম্যাজিস্ট্রেসীর সকল আদালতের রায় ও আদেশের অনুলিপি উল্লিখিত ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

সংশ্লিষ্ট সকলকে অবগত করা হোক।

সংযুক্তি : বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা) এর গত ১৭/১১/২০২২ খ্রি. তারিখের
বিজ্ঞপ্তি নং-২৬/২০২২ জে পত্রের অনুলিপি।


স্বাক্ষরিত
(মোঃ যাবিদ হোসেন)
জেলা জজ, দিনাজপুর।

স্মারক নং : ৩-৭/বিবিধ/২০২৪-২৪০/১(২৪)

তারিখঃ- ২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। বিজ্ঞা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর। (আপনার অধীনস্থ সকলকে অবগত করার নির্দেশসহ)
- ২। বিজ্ঞা অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, দিনাজপুর।
- ৩। বিজ্ঞা যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম/২য়/৩য় আদালত, দিনাজপুর।
- ৪। বিজ্ঞা সিনিয়র সহকারী জজ, সদর/পার্বতীপুর/চিরিরবন্দর, দিনাজপুর।
- ৫। জেলা লিগ্যাল এইড অফিসার, দিনাজপুর।
- ৬। বিজ্ঞা সহকারী জজ, বিরল/বিরামপুর/হাকিমপুর/কাহারোল/বোচাগঞ্জ/ফুলবাড়ী/ঘোড়াঘাট/খানসামা/ধীরগঞ্জ/নবাবগঞ্জ আদালত, দিনাজপুর।
- ৭। আদেশ বহি/অফিস কপি।


(মোঃ যাবিদ হোসেন)
জেলা জজ, দিনাজপুর।